দৈনিক জনকণ্ঠ

১২৫

তারিখ 18 DEC 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৮...

## দিল্লীতে ৯ দেশের শীর্ষ বৈঠক

# প্রতিটি শিশুর স্কুলে লেখাপড়া নিশ্চিত করতে হবে

বৃহস্পতিবার নয়াদিল্লীতে অনুষ্ঠিত বিশ্বের ৯টি জনবহুল দেশের শিক্ষা সংক্রান্ত শীর্ষ সম্মেলনে অংশগ্রহণকারী দেশসমূহের প্রত্যেক মানুষকে শিক্ষিত নাগরিক হিসাবে একবিংশ শতাব্দীতে পদার্পণের লক্ষ্যে প্রতিটি শিশুর জন্য বিদ্যালয়ে পড়াশুনা নিশ্চিত করার সংকল্প ব্যক্ত করা হয়। খবর বাসস'র।

সম্মেলনে গৃহীত ঘোষণায় নিরক্ষরতা দূরীকরণে নয় জাতির উদ্যোগের প্রতি সমর্থন জানানোর জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানানো হয়েছে। ঘোষণায় বিশ্বের ৭০ শতাংশ নিরক্ষর

*(শেষ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)*

## প্রতিটি শিশুর

প্রথম পাতার পর

লোকের বাস এই ৯টি দেশ শিক্ষাক্ষেত্রে নারী-পুরুষের মধ্যে বৈষম্য দূর করার প্রতিশ্রুতি ব্যক্ত করে।

সম্মেলনের উদ্বোধন উপলক্ষে দেয়া ভাষণে, ভারতের রাষ্ট্রপতি শঙ্কর দয়াল শর্মা আশা প্রকাশ করেন যে, সবার জন্য শিক্ষা কার্যক্রম সকলের জন্য একটি উজ্জ্বল ভবিষ্যত বয়ে আনবে। প্রধানমন্ত্রী নরসিমা রাও তাঁর ভাষণে বলেছেন, সবার জন্য শিক্ষা ছাড়া আর কিছুই আমাদের কাছে গ্রহণযোগ্য নয়।

সম্মেলনের ঘোষণায় শিক্ষা কার্যক্রমে শর্তহীন সাহায্য এবং বিনিয়োগের জন্য আন্তর্জাতিক আর্থিক সংস্থাসমূহের প্রতি আহ্বান জানানো হয়েছে।